
# ঢাকাসহ আশপাশের এলাকায় ৩ মাত্রার ভূমিকম্প অনূভুত



ছবি: সংগৃহীত

আজ সোমবার ভোরে রাজধানী ঢাকা ও কাছাকাছি কয়েকটি এলাকায় হালকা ভূকম্পন অনুভূত হয়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, কম্পনটির মাত্রা ছিল ৩।

ভোর ৫টা ৩২ মিনিট ৩০ সেকেন্ডে অনুভূত হওয়া এই ভূমিকম্পের কেন্দ্র ছিল নরসিংদীর শিবপুর এলাকায়। ঢাকা ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্র থেকে জায়গাটি ৪৭ কিলোমিটার উত্তর-পূর্বে।

আবহাওয়া অধিদপ্তরের ভূমিকম্প পর্যবেক্ষণ ও গবেষণা কেন্দ্রের তথ্য অনুযায়ী, ভূপৃষ্ঠের ১০ কিলোমিটার নিচে ছিল ভূমিকম্পটির উৎপত্তিস্থল। এর ভৌগোলিক অবস্থান ২৪.০০ ডিগ্রি উত্তর অক্ষাংশ এবং ৯০.৭৭ ডিগ্রি পূর্ব দ্রাঘিমাংশে।

আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ফারজানা সুলতানার সই করা বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

কম্পনটি স্বল্পস্থায়ী হওয়ায় বড় ধরনের কোনো প্রভাব পড়েনি। এখন পর্যন্ত কোথাও হতাহত বা ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি।